কানাইঘাটে প্রশাসন ও থানা পুলিশের উদ্যোগে ৭ই মার্চ উদযাপিত

কানাইঘাট প্রতিনিধি ::
কানাইঘাটে উপজেলা প্রশাসন ও থানা পুলিশের উদ্যেগে বিভিন্ন আয়োজনের মধ্য দিয়ে ঐতিহাসিক ৭ই মার্চ উদযাপন করা হয়েছে। এ উপলক্ষ্যে গতকাল রবিবার সকাল ১০টায় উপজেলা পরিষদ, উপজেলা প্রশাসন, থানা পুলিশ ও আওয়ামীলীগের পক্ষ থেকে প্রশাসন চত্তরে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করা হয়। সকাল ১১টায় উপজেলা পরিষদ মিলানায়তনে ৭ই মার্চ উপলক্ষ্যে প্রশাসনের উদ্যেগে এক আলোচনা সভা ও চিত্রাংকন প্রতিযোগিতায় অংশগ্রহন কারী শিক্ষার্থীদের মাঝে পুরষ্কার বিতরণ করা হয়। নির্বাহী কর্মকর্তা সুমন্ত ব্যানার্জির সভাপতিত্বে ও মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা তরিকুল ইসলামের পরিচালনায়, এতে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদের চেয়ারম্যান আব্দুল মোমিন চৌধুরী। বিশেষ অতিথি ছিলেন কানাইঘাট সার্কেলের এএসপি আব্দুল করিম, উপজেলা আওয়ামীলীগের সভাপতি পৌর মেয়র লুৎফুর রহমান,সাধারন সম্পাদক অধ্যক সিরাজুল ইসলাম, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান খাদিজা বেগম, উপজেলা সহকারী কমিশনার (ভুমি) আবিদা সুলতানা, থানার অফিসার ইনচার্জ মোঃ তাজুল ইসলাম পিপিএম। বক্তব্য রাখেন দক্ষিন বানীগ্রাম ইউনিয়নের চেয়ারম্যান মাসুদ আহমদ, সাবেক ইউপি চেয়ারম্যান আওয়ামীলীগ নেতা ফারুক আহমদ চৌধুরী, সমাজসেবা কর্মকর্তা মোঃ জিলানী, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার নুরুল হক, বাজার বণিক সমিতির সাধারণ সম্পাদক আওয়ামীলীগ নেতা আব্দুল হেকিম শামীম, কানাইঘাট প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক নিজাম উদ্দিন প্রমুখ। এছাড়া ঐতিহাসিক ৭ই মার্চ উপলক্ষ্যে ও বাংলাদেশ এলডিসি থেকে উন্নয়নশীল দেশে উত্তরনে জাতিসংঘের চুড়ান্ত সুপারিশ প্রাপ্তিতে কানাইঘাট থানা পুলিশের উদ্যেগে আনন্দ উৎযাপন কেক কাটা, প্রীতিভোজ ও আলোচনা সভার আয়োজন করা হয়। এতে সরকারী কর্মকর্তা, জনপ্রতিনিধি, রাজনৌতিক দলের নেতৃবৃন্দ, সাংবাদিক সুধীজন উপস্থিত ছিলেন। এসব আলোচনা সভায় বক্তারা বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ই মার্চের ভাষনের মধ্য দিয়ে বাংলাদেশের স্বাধীনতা আমরা অর্জন করেছি। তারই স্বপ্নের সোনার

বাংলাদেশ গড়তে তার সুযোগ্য কন্যা শেখ হাসিনা সর্বক্ষেত্রে মহান মুক্তিযোদ্ধের ইতিহাসকে ধারন করে দেশকে একটি উন্নত রাষ্ট্রে পরিনত করতে কাজ করে যাচ্ছেন।